

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

- বৃত্তির Software-এর লিংক : <http://scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login> (এছাড়া মাউশির ওয়েবসাইটে প্রদত্ত লিংক-এর মাধ্যমেও বৃত্তির সফটওয়্যারে Login করা যাবে)
- শিক্ষার্থীর নতুন তথ্য এন্ট্রির জন্য : প্রাথমিক নির্বাচন → নতুন শিক্ষার্থী এন্ট্রি
- তথ্য সংশোধনের জন্য : বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী → শিক্ষার্থীর তথ্য আপডেট
- একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণের জন্য : বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী → শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন (কোন এন্ট্রিতে Payment গেলে সেটি বাদে বাকিগুলি নিষ্ক্রিয় করতে হবে)

(নিম্নবর্ণিত বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত তথ্য সঠিকভাবে এন্ট্রি/সংশোধন করতে হবে)

বৃত্তির তথ্য : বৃত্তির গেজেটের সাথে বানানসহ মিলিয়ে এন্ট্রি/সংশোধন করতে হবে।

১. শিক্ষার্থীর নাম : বৃত্তির গেজেটের বানানের সাথে মিলিয়ে এন্ট্রি/সংশোধন করতে হবে।
২. শিক্ষার্থীর আইডি/রেজি: নম্বর : পিসিসির ক্ষেত্রে ১৬ ডিজিটের আইডি, জেএসসি, এসএসসি ও এইচএসসির ক্ষেত্রে ১০ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর।
৩. বৃত্তির নাম (তথ্য ফর্মের ২ স্থানে বৃত্তির সঠিক নাম এন্ট্রি/সংশোধন করতে হবে)
৪. বৃত্তির সাল (বৃত্তির গেজেটে বর্ণিত সাল)
৫. বৃত্তির ধরণ (সাধারণ/মেধা সঠিকভাবে এন্ট্রি/সংশোধন করতে হবে)
৬. ফলাফল (জিপিএ)

ব্যাংক তথ্য : শিক্ষার্থীর ব্যাংক স্টেটমেন্ট (না হলে চেক বই) এর সাথে মিলিয়ে এন্ট্রি/সংশোধন করতে হবে।

১. ব্যাংকের নাম (তফসিলভুক্ত অনলাইন ব্যাংক)
২. ব্যাংকের শাখা (রাউটিং নম্বর মিলিয়ে)
৩. হিসাব নম্বর (১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে)
৪. শিক্ষার্থীর নামে ব্যাংক একাউন্ট হতে হবে। শিক্ষার্থীর নাম, ব্যাংক হিসাবধারীর নাম ও বৃত্তির গেজেটের বানান অভিন্ন হতে হবে। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
৫. যৌথ হিসাবের ক্ষেত্রে হিসাবধারীর নাম হিসাবে MIS সফটওয়্যারে হিসাবধারীর নামের স্থলে ২ জনের নাম এন্ট্রি করতে হবে (প্রথমে শিক্ষার্থীর নাম তারপর and তারপর ২য় হিসাবধারীর নাম) (যেমন : **Habibur Rahman and Abdur Rashid**)
৬. ব্যাংক একাউন্ট সচল (Active) থাকতে হবে।

বিশেষ কিছু তথ্য :

- বৃত্তির তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির গেজেটের কপি ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে।
- ব্যাংক তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর ব্যাংক স্টেটমেন্ট (না হলে চেক বই) এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে।
- বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- এন্ট্রিকৃত তথ্যাদি যাচাই ও প্রয়োজনে সংশোধন ও সংরক্ষণ করতে হবে। কোথাও মেইল/হার্ডকপি পাঠাতে হবে না।
- ১ জন শিক্ষার্থীর একটি বৃত্তির বিপরীতে ১টি এন্ট্রি থাকবে। ১ জন শিক্ষার্থী যদি এসএসসি বৃত্তিপ্রাপ্ত হয় তাহলে এসএসসি-র শুধু ১টি এন্ট্রি থাকবে। যদি সে এইচএসসিতেও বৃত্তি পেয়ে থাকে তাহলে তার এইচএসসি-র জন্য আলাদা ১টি এন্ট্রি থাকবে। প্রয়োজনে এন্ট্রিকৃত তথ্য সংশোধন করা যাবে কিন্তু একই বৃত্তির বিপরীতে একাধিক এন্ট্রি (Double/Multiple Entry) করা যাবে না।
- শিক্ষার্থীর ব্যাংকে প্রেরিত টাকা Return/Bounce হলে তাদের ব্যাংকের চেক বই/Bank Statement এর তথ্যের সাথে মিলিয়ে MIS Software-এ তথ্য সংশোধন করতে হবে। এছাড়া ব্যাংক একাউন্ট সচল (Active) রাখতে হবে। তথ্য সঠিক থাকলে কোন সংশোধন করতে হবে না।
- শিক্ষার্থীর নামের বানানে (গেজেটে) Hyphen (-) থাকলে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীর নাম (ইংরেজী) অংশে গেজেটের ন্যায় অবিকল (Hyphen সহ) Type করতে হবে। কিন্তু গেজেটের তথ্যে হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের Hyphen (-) এর স্থলে Single Space দিতে হবে। (যেমন : গেজেট বানান Mamun-or-Rashid থাকলে শিক্ষার্থীর নাম হবে Mamun-or-Rashid কিন্তু হিসাবধারীর নাম হবে Mamun or Rashid)
- বৃত্তি সংক্রান্ত নির্দেশনামূলক সকল পত্র মাউশির ওয়েবসাইটের (www.dshe.gov.bd) নোটিশ বোর্ডে পাওয়া যাবে। এছাড়া প্রয়োজনে মেইলে (misproblem23@gmail.com) সমস্যা জানানো যাবে।
- শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়, কপি সংযুক্ত);
- তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- User ID ও Password-জনিত সমস্যায় ই-মেইলে (misproblem23@gmail.com) যোগাযোগ করা যাবে;
- তথ্য এন্ট্রি/সংশোধনের সময়সীমা : ৩০ মে, ২০২৪ পর্যন্ত।